গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-১৭৬/২০১৯-২০২০
ঢাকা ২৬ ফেব্রুয়ারি বুধবার ২০২০, ১৩ ফাল্গুন ১৪২৬

১। রাষ্ট্রপতির কাছে পিএসসির বার্ষিক প্রতিবেদন পেশ
নিয়োগ প্রক্রিয়ায় স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিতের আহ্বান
২। ২০৪১ সালে ৯.৯% প্রবৃদ্ধির টার্গেট
ধনী-দরিদ্র বৈষম্য কমানোর পরামর্শ প্রধানমন্ত্রীর, ২০ বছর মেয়াদি প্রেক্ষিত পরিকল্পনা অনুমোদন
৩। প্রধানমন্ত্রীর সঙ্গে জার্মান মন্ত্রীর সাক্ষাৎ
রোহিঙ্গা প্রত্যাবাসনে মিয়ানমারের ওপর আরও চাপ সৃষ্টির আহ্বান
৪। আজ প্রধানমন্ত্রী স্বর্ণপদক পাচ্ছেন ১৭২ শিক্ষার্থী
৫। মুজিববর্ষ উপলক্ষে ২২ ও ২৩ মার্চ জাতীয় সংসদের বিশেষ অধিবেশনে
প্রণব মুখার্জি ও বিদ্যা দেবী ভাষণ দেবেন : রাষ্ট্রপতিকে স্পিকার
৬। স্পিকারের সঙ্গে ভারতীয় হাইকমিশনারের সাক্ষাৎ
জাতীয় সংসদ ব্যাপক উৎসাহ-উদ্দীপনার মধ্য দিয়ে মুজিববর্ষ উদযাপন করবে
৭। পিলখানা ট্র্যাজেডির শহিদ সেনাদের গভীর শ্রদ্ধায় স্মরণ :
বনানী সামরিক কবরস্থানে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর শ্রদ্ধাঞ্জলি
৮। রাষ্ট্রপতির সঙ্গে মালদ্বীপে নিযুক্ত বাংলাদেশ হাইকমিশনারের সাক্ষাৎ
৯। বিমানবন্দর থেকে চিটাগাং রোড পর্যন্ত নির্মাণাধীন এলিভেটেড এক্সপ্রেসওয়ের ঋণচুক্তি স্বাক্ষর
১০। পাপিয়াকে ধরা হয়েছে প্রধানমন্ত্রীর নির্দেশে : সেতুমন্ত্রী
১১। নিরাপদ খাদ্য নিশ্চিতে সবাইকে কাজ করতে হবে : কৃষিমন্ত্রী
১২। বিদেশি শিল্পী দিয়ে বিজ্ঞাপন করলে কর দিতে হবে : তথ্যমন্ত্রী
১৩। কৃষি সহায়তায় বাজেটে থোক বরাদ্দ রয়েছে, ভালো বিনিয়োগকারী পেলে অর্থ দেয়া হবে : অর্থমন্ত্রী
১৪। করোনা আক্রান্ত দেশে ফ্লাইট বন্ধের পরিকল্পনা নেই : চীন সরকারের দেওয়া
৫০০ টেস্টিং কিট ও ক্লিনিক্যাল-ডায়াগনসিস-ট্রিটমেন্ট গাইডলাইন হস্তান্তর অনুষ্ঠানে স্বাস্থ্যমন্ত্রী
১৫। ইন্টিগ্রেটিং বিমসটেকে যোগ দিতে ভারত গেলেন বাণিজ্যমন্ত্রী
১৬। প্রাথমিক সমাপনী পরীক্ষার বৃত্তির ফল প্রকাশ : বৃত্তি পেল সাড়ে ৮২ হাজার
১৭। আঞ্চলিক বিদ্যুৎ গ্রিডে বিনিয়োগে আগ্রহী এডিবি ও এআইআইবি
১৮। জাতির পিতার ঐতিহাসিক ভাষণ স্মরণে ৭ মার্চকে জাতীয় দিবস ঘোষণার নির্দেশ হাইকোর্টের

১। রাষ্ট্রপতির কাছে পিএসসির বার্ষিক প্রতিবেদন পেশ
নিয়োগ প্রক্রিয়ায় স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিতের আহ্বান

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ সংবিধিবদ্ধ সংস্থা হিসাবে পাবলিক সার্ভিস কমিশনের (পিএসসি) প্রতি সাধারণ মানুষ যাতে আস্থা স্থাপন করতে পারে তার জন্য এ প্রতিষ্ঠানটির সামগ্রিক কার্যক্রমে আরও স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে পিএসসি সদস্যদের প্রতি আহ্বান জানিয়েছেন। গতকাল (২৫ ফেব্রুয়ারি মঙ্গলবার) সংস্থার একটি প্রতিনিধিদল তাদের বার্ষিক প্রতিবেদন-২০১৯ রাষ্ট্রপতির নিকট হস্তান্তর করতে গেলে তিনি বলেন, সামগ্রিক কার্যক্রমে আরও স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিত করতে এবং একইসঙ্গে সম্ভাব্য স্বল্পতম সময়ের মধ্যে পিএসসির নিয়োগ পরীক্ষা অনুষ্ঠানে প্রয়োজনীয় পদক্ষেপ নিতে হবে। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৪), **ইত্তেফাক** (পৃ.৭,ক.১), **এশিয়ান এজ** (পৃ.৩,ক.১)।

২। ২০৪১ সালে ৯.৯% প্রবৃদ্ধির টার্গেট
ধনী-দরিদ্র বৈষম্য কমানোর পরামর্শ প্রধানমন্ত্রীর, ২০ বছর মেয়াদি প্রেক্ষিত পরিকল্পনা অনুমোদন

২০৪১ সালের মধ্যে উন্নত দেশ গড়তে ‘বাংলাদেশ প্রেক্ষিত পরিকল্পনা ২০২১-২০৪১’ অনুমোদন দিয়েছে জাতীয় অর্থনৈতিক পরিষদ (এনইসি)। দারিদ্র্য নির্মূল করা, মাথাপিছু আয় সাড়ে ১২ হাজার ডলারে উন্নীত করা, জিডিপি প্রবৃদ্ধি ৯ দশমিক ৯ শতাংশে উন্নীত করাসহ ভবিষ্যৎ বিশ্বব্যবস্থায় শিল্পায়ন, রপ্তানি বহুমুখীকরণ ও কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্য নির্ধারণ করা হয়েছে এ পরিকল্পনায়। গতকাল (২৫ ফেব্রুয়ারি মঙ্গলবার) শেরেবাংলানগরে এনইসি সম্মেলনকক্ষে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় দ্বিতীয় প্রেক্ষিত পরিকল্পনার অনুমোদন দেওয়া হয়। **সূত্র-ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **সমকাল** (পৃ.২,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.২)।

৩। প্রধানমন্ত্রীর সঙ্গে জার্মান মন্ত্রীর সাক্ষাৎ
রোহিঙ্গা প্রত্যাবাসনে মিয়ানমারের ওপর আরও চাপ সৃষ্টির আহ্বান

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশ থেকে রোহিঙ্গাদের ফেরত নিতে মিয়ানমার সরকারের ওপর আরও চাপ সৃষ্টি করতে জার্মানিসহ আন্তর্জাতিক সম্প্রদায়ের প্রতি আহ্বান জানিয়েছেন। প্রধানমন্ত্রী বলেন, রোহিঙ্গারা আমাদের জন্য এক বিরাট বোঝা এবং তারা সামাজিক সমস্যার সৃষ্টি করছে। মিয়ানমারকে দ্রুততার সঙ্গে বাংলাদেশ থেকে তাদের নাগরিকদের ফেরত নিয়ে যেতে হবে। এ প্রসঙ্গে প্রধানমন্ত্রী বিশেষকরে জার্মানিকে জোরপূর্বক বাস্তুচ্যুত রোহিঙ্গাদের প্রত্যাবাসনে আরও ভূমিকা নেয়ার অনুরোধ করেন। গতকাল (২৫ ফেব্রুয়ারি মঙ্গলবার) প্রধানমন্ত্রীর সরকারি বাসভবন গণভবনে জার্মানির সফররত অর্থনৈতিক সহযোগিতা এবং উন্নয়ন বিষয়ক কেন্দ্রীয় মন্ত্রী ড. গার্ড মুলার এর সঙ্গে সৌজন্য সাক্ষাতে তিনি এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ইত্তেফাক** (পৃ.১৫,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.১)।

৪। আজ প্রধানমন্ত্রী স্বর্ণপদক পাচ্ছেন ১৭২ শিক্ষার্থী

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি)-এর উদ্যোগে ‘প্রধানমন্ত্রী স্বর্ণপদক ২০১৮’ প্রদান অনুষ্ঠান আজ ২৬ ফেব্রুয়ারি বুধবার প্রধানমন্ত্রীর কার্যালয়ের শাপলা হলে অনুষ্ঠিত হবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে শিক্ষার্থীদের মাঝে স্বর্ণপদক বিতরণ করবেন। এ বছর দেশের ৩৬টি বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদে সর্বোচ্চ নম্বর/সিজিপিএ অর্জনকারী ১৭২ জন শিক্ষার্থী ‘প্রধানমন্ত্রী স্বর্ণপদক’ পাচ্ছেন। অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। **সূত্র-ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **সমকাল** (পৃ.৭,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.৬)।

৫। মুজিববর্ষ উপলক্ষে ২২ ও ২৩ মার্চ জাতীয় সংসদের বিশেষ অধিবেশনে
প্রণব মুখার্জি ও বিদ্যা দেবী ভাষণ দেবেন : রাষ্ট্রপতিকে স্পিকার

মুজিববর্ষ উপলক্ষে ২২ ও ২৩ মার্চ অনুষ্ঠিতব্য জাতীয় সংসদের বিশেষ অধিবেশনে ভারতের সাবেক রাষ্ট্রপতি প্রণব মুখার্জি ও নেপালের রাষ্ট্রপতি বিদ্যা দেবী ভান্ডারি ভাষণ দেবেন বলে আশা করা হচ্ছে। স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী গতকাল (২৫ ফেব্রুয়ারি মঙ্গলবার) বঙ্গভবনে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করার পর রাষ্ট্রপতির প্রেস সচিব এ কথা জানান। সূত্র-**সমকাল** (পৃ.১৫,ক.৫), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৫), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.১)।

৬। স্পিকারের সঙ্গে ভারতীয় হাইকমিশনারের সাক্ষাৎ
জাতীয় সংসদ ব্যাপক উৎসাহ-উদ্দীপনার মধ্য দিয়ে মুজিববর্ষ উদযাপন করবে

স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, বাংলাদেশ জাতীয় সংসদ ব্যাপক উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে মুজিববর্ষ উদযাপন করতে যাচ্ছে। গতকাল (২৫ ফেব্রুয়ারি মঙ্গলবার) সংসদ ভবনে বাংলাদেশে নিযুক্ত ভারতীয় হাইকমিশনার রিভা গাঙ্গুলি দাশ স্পিকারের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন। এ সময় স্পিকার এসব কথা বলেন। সাক্ষাৎকালে তারা মুজিববর্ষ উদযাপন, বাংলাদেশের স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উদযাপন ও স্পিকারের আসন্ন ভারত সফর নিয়ে আলোচনা করেন। স্পিকার বলেন, মুজিববর্ষ উপলক্ষে আগামী ২২ ও ২৩ মার্চ সংসদে বিশেষ অধিবেশন, বিশেষ সেমিনার, বিশেষ প্রকাশনা ও শিশুমেলা আয়োজন করবে জাতীয় সংসদ। তরুণ প্রজন্ম এতে অনুপ্রাণিত হবে এবং বঙ্গবন্ধু ও স্বাধীনতা সম্পর্কে তারা আরও স্বচ্ছ ও গভীর জ্ঞান লাভ করবে। সূত্র-**সংবাদ** (পৃ.২,ক.২), **ডেইলি সান** (পৃ.২,ক.৬)।

৭। পিলখানা ট্র্যাজেডির শহিদ সেনাদের গভীর শ্রদ্ধায় স্মরণ :
বনানী সামরিক কবরস্থানে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর শ্রদ্ধাঞ্জলি

শোকার্ত হৃদয়ে গভীর শ্রদ্ধায় জাতি স্মরণ করেছে ২০০৯ সালে সংঘটিত পিলখানা ট্র্যাজেডির শহিদদের। গতকাল (২৫ ফেব্রুয়ারি মঙ্গলবার) বনানী সামরিক কবরস্থানে পিলখানা ট্র্যাজেডিতে নিহত সেনা কর্মকর্তাদের কবরে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার পক্ষ থেকে শ্রদ্ধাঞ্জলি দেওয়া হয়। শ্রদ্ধা নিবেদন করেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল এবং সেনা, নৌ ও বিমানবাহিনীর প্রধানরা। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.৪), **যুগান্তর** (পৃ.৩,ক.২), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৫)।

৮। রাষ্ট্রপতির সঙ্গে মালদ্বীপে নিযুক্ত বাংলাদেশ হাইকমিশনারের সাক্ষাৎ

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ পর্যটন খাতের বিকাশে মালদ্বীপের অভিজ্ঞতা কাজে লাগাতে প্রয়োজনীয় পদক্ষেপ নিতে সেদেশে নবনিযুক্ত বাংলাদেশের হাইকমিশনার রিয়ার অ্যাডমিরাল নাজমুল হাসানের প্রতি আহ্বান জানিয়েছেন। মালদ্বীপে নবনিযুক্ত বাংলাদেশের হাইকমিশনার অ্যাডমিরাল হাসান গতকাল (২৫ ফেব্রুয়ারি মঙ্গলবার) বঙ্গভবনে রাষ্ট্রপতির সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করতে গেলে রাষ্ট্রপতি এ আহ্বান জানান। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৯,ক.৮)।

৯। বিমানবন্দর থেকে চিটাগাং রোড পর্যন্ত নির্মাণাধীন এলিভেটেড এক্সপ্রেসওয়ের ঋণচুক্তি স্বাক্ষর

বিমানবন্দর থেকে চিটাগাং রোড পর্যন্ত নির্মাণাধীন ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে কার্যকরে ঋণচুক্তি স্বাক্ষর হয়েছে। গতকাল (২৫ ফেব্রুয়ারি মঙ্গলবার) সেতু ভবনে এ চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ, এলিভেটেড এক্সপ্রেসওয়ের ঠিকাদার ইটাল-থাই এবং সিটি ব্যাংক এনএর মধ্যে এ ত্রিপক্ষীয় চুক্তি স্বাক্ষরিত হয়। সূত্র-**সমকাল** (পৃ.১৩,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

১০। পাপিয়াকে ধরা হয়েছে প্রধানমন্ত্রীর নির্দেশে : সেতুমন্ত্রী

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, পাপিয়াকে গ্রেপ্তার ও বিচারের আওতায় আনতে প্রধানমন্ত্রী নির্দেশ দিয়েছেন। গতকাল (২৫ ফেব্রুয়ারি মঙ্গলবার) রাজধানীর বনানীতে সেতু ভবনে এক অনুষ্ঠান শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১৫,ক.৫), **সংবাদ** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

১১। নিরাপদ খাদ্য নিশ্চিতে সবাইকে কাজ করতে হবে : কৃষিমন্ত্রী

কৃষিমন্ত্রী ড. মো. আব্দুর রাজ্জাক বলেছেন, কৃষিতে সরকারের সময়োপযোগী পদক্ষেপ ও যুগোপযোগী নীতিমালা প্রণয়নের ফলে উৎপাদন বৃদ্ধি পেয়েছে। বাংলাদেশের কৃষি এখন বাণিজ্যিক কৃষি; খোরপোষের কৃষি নয়। নিরাপদ খাদ্য নিশ্চিত করা সরকারের জন্য অন্যতম চ্যালেঞ্জ। সরকারের একার প্রচেষ্টায় সবার জন্য নিরাপদ খাদ্য নিশ্চিত করা অনেক সময়ের ব্যাপার। ব্যক্তিগত সচেতনতা ও সমন্বিত উদ্যোগ গ্রহণ অপরিহার্য। নিরাপদ ও পুষ্টিকর খাদ্য নিশ্চিত করতে সবাইকে একসঙ্গে কাজ করতে হবে। গতকাল (২৫ ফেব্রুয়ারি মঙ্গলবার) রাজধানীর বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের সম্মেলনকক্ষে 'নিরাপদ ও পুষ্টিকর খাদ্য ভ্যালু চেইন উন্নয়নে সম্মিলিত প্রয়াস' শীর্ষক দু'দিনব্যাপী জাতীয় সম্মেলনের উদ্বোধন অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৭,ক.১), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৭)।

১২। বিদেশি শিল্পী দিয়ে বিজ্ঞাপন করলে কর দিতে হবে : তথ্যমন্ত্রী

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্মুদ বলেছেন, বিদেশিদের দিয়ে বিজ্ঞাপন নির্মাণ করে তা টেলিভিশনে প্রচার করলে বাড়তি কর আরোপের চিন্তা করছে সরকার। এছাড়া, বিদেশি কোনো সিরিয়াল বেসরকারি টেলিভিশনে দেখাতে তথ্য মন্ত্রণালয়ের পূর্বানুমতি লাগবে বলেও জানান তিনি। দেশিয় শিল্পীদের পাশাপাশি শিল্পের সুরক্ষার স্বার্থেই এসব সিদ্ধান্ত, জানান তথ্যমন্ত্রী। গতকাল (২৫ ফেব্রুয়ারি মঙ্গলবার) সচিবালয়ে টিভি নাট্যপরিচালকদের সংগঠন 'ডিরেক্টরস গিল্ডের' সঙ্গে মতবিনিময়কালে তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.৪), **বণিক বার্তা** (পৃ.২,ক.৪), **নিউজ টুডে** (পৃ.২,ক.১)।

১৩। কৃষি সহায়তায় বাজেটে থোক বরাদ্দ রয়েছে, ভালো বিনিয়োগকারী পেলে অর্থ দেয়া হবে : অর্থমন্ত্রী

অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল বলেছেন, কৃষি সহায়তায় বাজেটে থোক বরাদ্দ রয়েছে, ভালো বিনিয়োগকারী পেলে অর্থ দেয়া হবে। গতকাল (২৫ ফেব্রুয়ারি মঙ্গলবার) রাজধানীর শেরেবাংলানগরে পরিকল্পনামন্ত্রীর দপ্তরে দেশে কাজুবাদাম চাষ সম্প্রসারণ বিষয়ক এক আলোচনাসভায় তিনি এ কথা বলেন। এ সময় পরিকল্পনামন্ত্রী এম এ মান্নান ও কৃষিমন্ত্রী ড. মো. আব্দুর রাজ্জাক উপস্থিত ছিলেন। সূত্র-**আমাদেরঅর্থনীতি** (পৃ.১,ক.১)।

১৪। করোনা আক্রান্ত দেশে ফ্লাইট বন্ধের পরিকল্পনা নেই : চীন সরকারের দেওয়া ৫০০ টেস্টিং কিট ও ক্লিনিক্যাল-ডায়াগনসিস-ট্রিটমেন্ট গাইডলাইন হস্তান্তর অনুষ্ঠানে স্বাস্থ্যমন্ত্রী

করোনাভাইরাস আক্রান্ত দেশগুলোর সঙ্গে চলমান ফ্লাইট বাতিলের কোনো পরিকল্পনা আপাতত সরকারের নেই বলে জানিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেক। গতকাল (২৫ ফেব্রুয়ারি মঙ্গলবার) সচিবালয়ে করোনাভাইরাস শনাক্তকরণে চীন সরকারের দেওয়া ৫০০ টেস্টিং কিট ও ক্লিনিক্যাল-ডায়াগনসিস-ট্রিটমেন্ট গাইডলাইন হস্তান্তর অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। করোনাভাইরাস প্রতিরোধের ওপর গুরুত্বারোপ করে স্বাস্থমন্ত্রী বলেন, করোনাভাইরাস যাতে করে আমাদের দেশে প্রবেশ করতে না পারে সে চেষ্টা করা প্রয়োজন এবং আমরা সেটাই করছি। দেশে তিন লাখেরও বেশি মানুষকে স্ক্রিনিং করে কারও শরীরে করোনাভাইরাসের সংক্রমণ পাওয়া যায়নি। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.১), **সংবাদ** (পৃ.১,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৫)।

১৫। ইন্টিগ্রেটিং বিমসটেকে যোগ দিতে ভারত গেলেন বাণিজ্যমন্ত্রী

বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি ইন্টিগ্রেটিং বিমসটেক-২০২০-এ যোগদান করতে ভারতের উদ্দেশে গতকাল (২৫ ফেব্রুয়ারি মঙ্গলবার) ঢাকা ত্যাগ করেছেন। ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের সহযোগিতায় ২৬ থেকে ২৭ ফেব্রুয়ারি ভারত চেম্বার অভ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির উদ্যোগে মুম্বাইয়ে ওয়ার্ল্ড ট্রেড সেন্টারে 'ইন্টিগ্রেটিং বিমসটেক-২০২০' অনুষ্ঠিত হচ্ছে। সূত্র-**বণিক বার্তা** (পৃ.১২,ক.৫), **সংবাদ** (পৃ.১৪,ক.৬), **ডেইলি সান** বিজনেস **১/২**।

১৬। প্রাথমিক সমাপনী পরীক্ষার বৃত্তির ফল প্রকাশ : বৃত্তি পেল সাড়ে ৮২ হাজার

প্রাথমিক সমাপনী পরীক্ষার বৃত্তির ফল প্রকাশ করা হয়েছে। এতে মোট ৮২ হাজার ৪২২ জন বৃত্তি পেয়েছে। গতকাল (২৫ ফেব্রুয়ারি মঙ্গলবার) প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সভাকক্ষে প্রতিমন্ত্রী মো. জাকির হোসেন বৃত্তির ফল প্রকাশ করেন। এছাড়া এদিন ইবতেদায়ি শিক্ষা সমাপনী পরীক্ষার বৃত্তির ফলও প্রকাশ করা হয়েছে। প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী বলেন, এ বছর পঞ্চম শ্রেণির প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষার ফলের ওপর ভিত্তি করে ৮২ হাজার ৪২২ শিক্ষার্থীকে বৃত্তি দেওয়া হয়েছে। এর মধ্যে মেধা কোটায় (ট্যালেন্টপুল) বৃত্তি পেয়েছে ৩৩ হাজার শিক্ষার্থী। সাধারণ কোটায় বৃত্তি পেয়েছে সাড়ে ৪৯ হাজার। মেধা কোটায় বৃত্তিপ্রাপ্তরা ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত প্রতি মাসে ৩০০ টাকা আর সাধারণ কোটায় ২২৫ টাকা করে বৃত্তির অর্থ পাবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৭), **সংবাদ** (শেষ পৃ.,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.১)।

১৭। আঞ্চলিক বিদ্যুৎ গ্রিডে বিনিয়োগে আগ্রহী এডিবি ও এআইআইবি

বিমসটেকের আওতায় আঞ্চলিক বিদ্যুৎ সংযোগে বিনিয়োগ করতে চায় এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক (এডিবি) এবং এশিয়ান ইনফ্রাস্ট্রাকচার ইনভেস্টমেন্ট ব্যাংক (এআইআইবি)। গতকাল (২৫ ফেব্রুয়ারি মঙ্গলবার) ঢাকায় শুরু হওয়া দুই দিনব্যাপী 'বিমসটেক অঞ্চলে জ্বালানি সহযোগিতা বৃদ্ধি'শীর্ষক সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে এ তথ্য জানান প্রধানমন্ত্রীর বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদবিষয়ক উপদেষ্টা তৌফিক-ই-ইলাহী চৌধুরী। সূত্র-**বণিক বার্তা** (পৃ.২,ক.১), সমকাল (পৃ.৩,ক.৫), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৬)।

১৮। জাতির পিতার ঐতিহাসিক ভাষণ স্মরণে ৭ মার্চকে জাতীয় দিবস ঘোষণার নির্দেশ হাইকোর্টের

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ৭ মার্চের ভাষণের দিনকে জাতীয় দিবস হিসেবে ঘোষণা করার নির্দেশনা দিয়ে রায় ঘোষণা করেছেন হাইকোর্ট। আগামী এক মাসের মধ্যে এ বিষয়ে গেজেট প্রকাশের জন্য বলা হয়েছে। গতকাল (২৫ ফেব্রুয়ারি মঙ্গলবার) বিচারপতি এফ আর এম নাজমুল আহাসান ও বিচারপতি কে এম কামরুল কাদেরের সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ এ আদেশ দেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.১), **ইত্তেফাক** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৮)।

সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** কলেজে ভর্তি ও চাকরিতে নিয়োগের পূর্বে ডোপ টেস্টের উদ্যোগ মাদক সংক্রান্ত সামাজিক সমস্যা সমাধানে ইতিবাচক ফল বয়ে আনবে বলে প্রত্যাশা।

খ. **সমকাল :** হবিগঞ্জের চনারুঘাট উপজেলার রেমা-কালেঙ্গা অভয়ারণ্যের বৃক্ষ পাচারের বিষয় তুলে ধরে ঘটনায় জড়িতদের দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করার সুপারিশ।

গ. **যুগান্তর** : ঋণ ও বিনিয়োগের সর্বোচ্চ সুদের হার সিঙ্গেল ডিজিট নির্ধারণ করার সিদ্ধান্ত দ্রুত বাস্তবায়নের প্রত্যাশা।

ঘ. **জনকণ্ঠ, ইনকিলাব** : সরকারের শুদ্ধি অভিযানে পাপিয়া গ্রেপ্তারের কথা উল্লেখ করে মুষ্টিমেয় অপরাধী দুর্নীতিবাজদের জন্য দেশের অর্থনৈতিক উন্নয়ন ও সমৃদ্ধিকে কোনো অবস্থাতেই নস্যাৎ হতে দেওয়া যাবে না বলে অভিমত।

ঙ. **সংবাদ, যায়যায়দিন** : গণপরিবহনে নারীর নিরাপত্তায় রাষ্ট্রের পাশাপাশি সমাজকেও সোচ্চার হয়ে শক্তিশালী সামাজিক প্রতিরোধ গড়ে তোলার আহ্বান।

চ. **ইন্ডিপেনডেন্ট** : গ্যাং কালচার সংশ্লিষ্ট কর্মকাণ্ডে জড়িত ৪০০ তরুণের গ্রেপ্তারের বিষয় তুলে ধরে পিতামাতাকে সচেতন হওয়াসহ রাজনৈতিক স্বার্থসংশ্লিষ্ট কাজে তরুণদের ব্যবহার বন্ধ করার আহ্বান।

ছ. **ডেইলি সান :** নির্বাচনি বর্জ্য দিয়ে বিদ্যানন্দ ফাউন্ডেশন নামের একটি সংস্থা এতিম ও অসহায় শিশুদের জন্য শিক্ষাসামগ্রী তৈরির প্রশংসনীয় কাজে সরকারি-বেসরকারি সংস্থাকেও এগিয়ে আসার আহ্বান।

জ. **অবজারভার** : মালয়েশিয়ায় বাংলাদেশিদের জন্য কর্মসংস্থানের বাজার পুনরায় খুলে দেওয়ার সংবাদের প্রেক্ষিতে যেখানে অবস্থানরত অবৈধ শ্রমিকদের প্রধান্য দেওয়ার সুপারিশ।

উপসম্পাদকীয়

সংবাদ পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, ভোক্তাদের জন্য মানসম্পন্ন সবজি সরবরাহ করতে উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণের পরিবেশ উন্নত করতে হবে।

নিবন্ধ ও ফিচার

সংবাদ পত্রিকায় প্রকাশিত **'বায়ুদূষণের প্রভাব ও প্রতিকার'** শিরোনামের নিবন্ধে উল্লেখ করা হয়েছে, বায়ুদূষণ প্রতিরোধে সরকার, সংশ্লিষ্ট কর্তৃপক্ষ, অন্যান্য সংস্থা ও জনগণ সমন্বিত উদ্যোগ নিলে সুফল পাওয়া যাবে।

#

ডালিয়া/মরজিনা/সেলিনা/মাসুম/খোরশেদ/২০২০/৯.০০ঘন্টা